



দাবা চর্চা

### আলেখিনে সূর্যোদয়

আলেখিন চেস ক্লাবের কোচিংয়ের সঙ্গে জুড়ে গেল বাংলার থ্যান্ডমাস্টার সূর্যশেখর গঙ্গোপাধ্যায়ের নাম। ২০২০ সালের মধ্যে ২০ জন থ্যান্ডমাস্টার তৈরির এক পরিকল্পনা নিয়েছে এই ক্লাব। সেখানে প্রধান উপদেষ্টা সূর্য। থাকবেন আর এক জিএম নীলোৎপল দাস, ডব্লিউ জিএম মেরি অ্যান গৌমস থাকছেন। কোচিংয়ের দায়িত্বে রঞ্জিত বন্দ্যোপাধ্যায়, জিয়াউর রহমান। দাবাড়ুদের শারীরিক সক্ষমতা বাড়াতে ট্রেনিং দেবেন দ্রোণাচার্য ট্রেনার কুস্তল রায়। কী ধরনের ভূমিকায় দেখা যাবে সূর্যকে? সূর্যর কথায়, 'আমরা যখন খেলেছি, তখন জিএম পর্যায়ের দাবাড়ুর কাছ থেকে নিয়মিত কোনও সাহায্য পাইনি। জুনিয়রদের কী ভাবে এগোতে হবে, তার দিশা দেব আমরা।'



দাবা চর্চা আলেখিন চেস ক্লাবে মেরি ও সূর্য—অভিজিৎ আচ্য